Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

আমাদের সময় **আমার দেশ**



টাইমস হায়ার এডুকেশন র‍্যাংকিং

২০০ ধাপ এগোল ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাবি প্রতিনিধি ●

যুক্তরাজ্যভিত্তিক খ্যাতনামা শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিং-২০২৬ প্রকাশ করেছে। এতে শিখ র‍্যাংকিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ৬০১ থেকে ২০০-এর মধ্যে অবস্থান করে আগের বছরের তুলনায় ২০০ ধাপ এগিয়েছে।

আগের বছর এই র‍্যাংকিংয়ে বিশ্ববিদ্যালয়টির অবস্থান ছিল ১০০১ থেকে ১২০০-এর মধ্যে। একই সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় যৌথভাবে বাংলাদেশের সেরা বিশ্ববিদ্যালয় হিসেবে স্থান করে নেয়েছে।

বৃহস্পতিবার টাইমস হায়ার এডুকেশন অফিসিয়াল ওয়েবসাইটে এসব তথ্য প্রকাশ করা হয়। র‍্যাংকিংয়ে বিশ্বের বিভিন্ন দেশের মোট ৩ হাজার ১৮৫টি বিশ্ববিদ্যালয় স্থান করে নিয়েছে। শিক্ষা, গবেষণার পরিবেশ, গবেষণার মান, আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি ও শিল্পক্ষেত্রের সঙ্গে সম্পৃক্ততা সূচকের ওপর ভিত্তি করে র‍্যাংকিং করা হয়েছে।

সূচকভিত্তিক অগ্রগতি

গবেষণা পরিবেশ সূচকে আগের বছরের তুলনায় ৩ পয়েন্ট অগ্রগতি (১০.৫৩-এ) হয়েছে। গবেষণার মান সূচকে ৯.৫ পয়েন্ট অগ্রগতি (৬৭.১পয়েন্ট) হয়েছে। শিল্পক্ষেত্রের সঙ্গে সম্পৃক্ততা সূচকে ১১.৮ পয়েন্ট অগ্রগতি (২১.৪৩ এ৩.২) হয়েছে।

শিক্ষা সূচকে বর্তমান পয়েন্ট ১৮.৭ এবং আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি সূচকে পয়েন্ট ৪৫।

টাইমস হায়ার এডুকেশন র‍্যাংকিং ২০২৬-এ ঢাবি ২০০ ধাপ এগিয়ে ৬০১-৩০০-এর মধ্যে অবস্থান করছে। অত বছর বিশ্ববিদ্যালয়টির অবস্থান ছিল ১০০১-১২০০ রেঞ্জে।

শুক্রবার সুরসন্ধিহারে টাইমস হায়ার এডুকেশনের অফিসিয়াল ওয়েবসাইটে এ-সংক্রান্ত তথ্যে দেখা যায়, ছন্নটি বছরের ব্যাংকিংয়ে বিশ্বের তিন হাজার ১৯৮টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। বাংলাদেশের মধ্যে ঢাবি যৌথভাবে সর্বোচ্চ স্থানে অবস্থান করে রেখেছে।

ঢাবির অবস্থার উন্নয়নের পেছনে রয়েছে বিভিন্ন মূল সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি। গবেষণার পরিবেশ সূচকে ৩ পয়েন্ট (১০.৪—২৯.৩), গবেষণার মান সূচকে ৯ দশমিক ৩ পয়েন্ট (৬৭.২—৭৬.৫), শিল্পক্ষেত্রের সঙ্গে সহযোগিতা সূচকে ১১ দশমিক ৮ পয়েন্ট (২১.৪—৩৩.২) বৃদ্ধি পেয়েছে। এছাড়া শিক্ষা সূচকে বর্তমান পয়েন্ট ১৭ দশমিক ৭, আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি সূচকে পয়েন্ট ৪৫।

ঢাবির বৈশ্বিক র‍্যাংকিং উন্নয়নের লক্ষ্যে দীর্ঘদিন ধরে ১৬ সদস্যের বিশেষ একটি কমিটি কাজ করছে। এ কমিটি কাজ করছে উপাচার্যের সার্বিক দিকনির্দেশনায়। কমিটির আহ্বায়ক বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ। কমিটি সূচকে পয়েন্ট বৃদ্ধি : বিশ্ব র‍্যাংকিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান উন্নয়নের লক্ষ্যে ১৬ সদস্যের একটি কমিটি দীর্ঘদিন ধরে কাজ করছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সার্বিক দিকনির্দেশনায় এই কমিটি কাজ করছে। কমিটিতে আহ্বায়ক হিসেবে আছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ।

কমিটির অন্য সদস্যরা হলেন- প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়রা হক তিনিসহ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম তাজউদ্দীন আলম চৌধুরী, বিজ্ঞান অনুষদের তিন অধ্যাপক ড. আবদুস সালাম, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মি এম মইনুল হোসেন, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. মোস্তাফিজ হোসেন আসাদ, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষক ইনস্টিটিউটের অধ্যাপক ড. নৈমান শরাফ হোসেন, সমাজতত্ত্ব ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. এম রেজাউল ইসলাম, ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সামসাদ মর্তুজা, প্রাণরসায়ন ও অনুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এম. আরিফুল ইসলাম, গণিত বিভাগের অধ্যাপক ড. মো. শওকত উল্লাহ, অধ্যাপক ড. শরিফুজ্জামান বিশ্বাস, পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড. জহুর আহমেদ খান, ফার্মাসি বিভাগের অধ্যাপক ড. মো. আসাদুল মবিন প্রমুখ।

বিশ্ব র‍্যাংকিংয়ে ২০০ ধাপ এগিয়েছে ঢাবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

উচ্চশিক্ষা সূচকে বড় অগ্রগতি হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি)। যুক্তরাজ্যভিত্তিক খ্যাতনামা শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশন প্রকাশিত ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিং ২০২৬-এ ঢাবি ২০০ ধাপ এগিয়ে ৬০১-৩০০-এর মধ্যে অবস্থান করছে। অত বছর বিশ্ববিদ্যালয়টির অবস্থান ছিল ১০০১-১২০০ রেঞ্জে।

শুক্রবার সুরসন্ধিহারে টাইমস হায়ার এডুকেশনের অফিসিয়াল ওয়েবসাইটে এ-সংক্রান্ত তথ্যে দেখা যায়, ছন্নটি বছরের ব্যাংকিংয়ে বিশ্বের তিন হাজার ১৯৮টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। বাংলাদেশের মধ্যে ঢাবি যৌথভাবে সর্বোচ্চ স্থানে অবস্থান করে রেখেছে।

ঢাবির অবস্থার উন্নয়নের পেছনে রয়েছে বিভিন্ন মূল সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি। গবেষণার পরিবেশ সূচকে ৩ পয়েন্ট (১০.৪—২৯.৩), গবেষণার মান সূচকে ৯ দশমিক ৩ পয়েন্ট (৬৭.২—৭৬.৫), শিল্পক্ষেত্রের সঙ্গে সহযোগিতা সূচকে ১১ দশমিক ৮ পয়েন্ট (২১.৪—৩৩.২) বৃদ্ধি পেয়েছে। এছাড়া শিক্ষা সূচকে বর্তমান পয়েন্ট ১৭ দশমিক ৭, আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি সূচকে পয়েন্ট ৪৫।

ঢাবির বৈশ্বিক র‍্যাংকিং উন্নয়নের লক্ষ্যে দীর্ঘদিন ধরে ১৬ সদস্যের বিশেষ একটি কমিটি কাজ করছে। এ কমিটি কাজ করছে উপাচার্যের সার্বিক দিকনির্দেশনায়। কমিটির আহ্বায়ক বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ। কমিটি

বিশ্ববিদ্যালয়ের গবেষণা প্রকাশনা বৃদ্ধি, আন্তর্জাতিক সহযোগিতা সম্প্রসারণ, শিল্পক্ষেত্রের সঙ্গে সম্পর্ক জোরদার এবং শিক্ষার মানোন্নয়নে একাধিক প্রকল্প হাতে নিয়েছে বলে জানা গেছে।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানিয়ে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে তার ঐতিহ্য ও উৎকর্ষের ধারাবাহিকতা রক্ষা করছে। আমরা শিক্ষার মান ও গবেষণায় আরো উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছি।

অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল হালিম বলেন, প্রযুক্তিগত অগ্রগতির কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ও যাপে ধাপে এগিয়ে যাচ্ছে। এটি আমাদের পজিটিভ একটা দিক। একটা সময় এ দেশের অধ্যাপকরা তাদের গবেষণা পেপারগুলো অনলাইনে বিভিন্ন জার্নালে প্রকাশ করত না। যে কারণে বিশ্ববিদ্যালয়ের র‍্যাংকিং পিছিয়ে থাকত। এখন সে জায়গায় পরিবর্তন আসছে। শিক্ষার্থী এবং শিক্ষকরা তাদের লেখাগুলো বিভিন্ন জায়গায় প্রকাশ করছে, যে কারণে বিশ্বদরবারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মান এগিয়ে যাচ্ছে।

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াকোয়ারেলি সাইমন্ডস প্রকাশিত বিশ্ব র‍্যাংকিংয়ের ঢাকা বিশ্ববিদ্যালয়-বাংলাদেশের সেরা বিশ্ববিদ্যালয় হিসেবে স্থান ধরে রেখেছে। সে র‍্যাংকিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৪৮৫তম।

The Daily Star

DU moves up 200 places in Times Higher Education rankings 2026

DU CORRESPONDENT

Dhaka University has advanced 200 places in the Times Higher Education (THE) World University Rankings 2026, to secure a position in the 801-1,000 band, according to a press release issued by the university's Public Relations Office.

Last year, DU was placed in the 1,001-1,200 band.

The UK based Times Higher Education, one of the world's most influential higher education publications, released the latest rankings on Wednesday.

According to the DU media release, the university's research environment score improved from 10.3 to 13.3, while its research quality score rose from 67.2 to 76.5. The industry engagement score also jumped from 21.4 to 33.2.

DU scored 17.7 points in teaching and 45 points in international outlook.

The university credited these improvements to the work of a 16-member committee formed to advance global rankings.

যুগান্তর

টাইমস হায়ার এডুকেশন র‍্যাংকিং

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০০ ধাপ এগিয়েছে

ঢাবি প্রতিনিধি

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

আজকের পত্রিকা

সন্দেশ

ঢাবিতে আড়াই শ কোটি ব্যয়ে হচ্ছে ছাত্রী হল

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২৪৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ছাত্রীদের জন্য বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ হতে যাচ্ছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ রফিকুল ইসলামের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। প্রকল্পটি বাস্তবায়িত হলে ১ হাজার ৫০০ ছাত্রীর আবাসনের ব্যবস্থা হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, চীন সরকারের আর্থিক সহযোগিতায় হলটির নির্মাণ প্রকল্প এগিয়ে চলছে। চীনের একটি বিশেষজ্ঞ দল প্রকল্প সম্ভাব্যতা যাচাইয়ের (ফিজিবিলিটি স্টাডি) জন্য শিগগিরই ঢাকায় আসবে বলে আশা করা হচ্ছে।

▪ নিজস্ব প্রতিবেদক, ঢাকা

আমার দেশ

ঢাবিতে হল নির্মাণে ২৪৪ কোটি টাকা অনুমোদন চীন সরকারের

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

নারী শিক্ষার্থীদের আবাসন সংকট নিরসনে চীন সরকারের আর্থিক সহায়তায় একটি আধুনিক হল নির্মাণের উদ্যোগ নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) প্রশাসন। ২৪৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রস্তাবিত 'বাংলাদেশ-চীন মৈত্রী হল' নির্মাণ প্রকল্পের পরিকল্পনা সম্প্রতি অনুমোদন করেছে চীন সরকার।

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে কয়েক মাস আগে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) একটি অফিসিয়াল প্রস্তাবনা ঢাকায় চীনা দূতাবাসের মাধ্যমে চীন সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে প্রেরণ করে। সম্প্রতি সেটি অনুমোদন করেছে চীন সরকার। বর্তমানে প্রকল্পের অভ্যন্তরীণ প্রশাসনিক প্রক্রিয়া চলমান রয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান জানান, চীন সরকারের সহযোগিতায় এ ধরনের একটি হল নির্মাণ প্রকল্প বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে গুরুত্বপূর্ণ সংযোজন হবে। এটি ছাত্রীদের আবাসন সংকট নিরসনে বড় ভূমিকা রাখবে।

আজকের পত্রিকা



প্রদর্শনী

তরুণ শিল্পী সামিনা জামানের ৩১টি শিল্পকর্ম নিয়ে 'সময়ের কবিতা' নামে প্রথম একক প্রদর্শনী শুরু হয়েছে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে উদ্বোধন করা হয়। প্রদর্শনী চলবে ১৫ অক্টোবর পর্যন্ত।

ছবি: আজকের পত্রিকা